# Declaration

I declare that the thesis entitled "নাট্যকর্মী বাদল সরকার : একটি মূল্যায়ন" has been **(Natyakarmi Badal Sarkar : Ekti Mulyayan)** prepared by me under the guidance of Dr. Bikash Chandra Paul, Department of Bengali, University of North Bengal. No part of this thesis has formed the basis for the award of any degree or fellowship previously.

Date : 18-01-2023

Amar Chandra Roy

-------------------------------

(Amar Chandra Roy)
Department of Bengali
University of North Bengal

Dr.Bikash Chandra Paul M.A.,PhD.
Professor
Department of Bengali
Bankura University
Puarandarpur main campus
PIN 722155
Former Faculty member
Tripura CentralUniversity
& University of North Bengal

Residence:
Professor's Colony
Bolpur
Birbhum
Contact:9434348793
& 8371061238
e-mail:bikashcpaul@gmail.com

Ref. No............

Date: ..............

# TO WHOM IT MAY CONCERN

This is to certify that Sri Amar Chandra Roy [Reg. No. Ph.D/Beng(1291/688/R-2019)] has prepared the thesis entitled "নাট্যকর্মী বাদল সরকার: একটি মূল্যায়ন" (Natyakarmi Badal Sarkar : Ekti Mulyayan) for the award of Ph.D. degree of the University of North Bengal, under my guidance. He has fulfilled the requirements of the University rules and regulations in preparing the said thesis. I further certify that his thesis has not been submitted in this form to any other University or institution previously for any scholarly degree. To the best of my knowledge, it is an original work with sufficient academic merit and fit to be adjudicated for the Ph.D. Degree by the University of North Bengal. I wish him all successes.

Bikash Paul 15.01.2023

(Dr. Bikash Chandra Paul)

Supervisor

Dr. B. C. Paul
Professor
Department of Bengali
Bankura University

Ouriginal
by Turnitin

## Document Information

| | |
|---|---|
| **Analyzed document** | Amar Chandra Roy_Bengali.pdf (D155673316) |
| **Submitted** | 2023-01-13 06:32:00 |
| **Submitted by** | University of North Bengal |
| **Submitter email** | nbuplg@nbu.ac.in |
| **Similarity** | 0% |
| **Analysis address** | nbuplg.nbu@analysis.urkund.com |

## Sources included in the report

| | | |
|---|---|---|
| W | URL: https://ir.nbu.ac.in/bitstream/123456789/2668/16/Full%20Thesis%20of%20Namita%20Chakraborty%20.pdf<br>Fetched: 2022-04-18 10:13:31 | 13 |
| W | URL: https://www.researchgate.net/publication/346106710_BRD_Dharmasabha_Sep_2020<br>Fetched: 2022-05-04 09:24:15 | 22 |
| W | URL: https://wbchse.nic.in/books/Arts/H.S._Model_Question_History.pdf<br>Fetched: 2021-12-22 19:10:28 | 3 |
| W | URL: https://ir.nbu.ac.in/bitstream/123456789/2821/18/Full%20thesis%20of%20Aninda%20Ghosh.pdf<br>Fetched: 2021-08-13 14:28:05 | 3 |
| J | **10_chapter_4.pdf**<br>URL: 7aa59ed9-e731-4143-a05b-f53a5965f99e<br>Fetched: 2022-08-19 14:55:08 | 3 |
| W | URL: https://ir.nbu.ac.in/bitstream/123456789/2726/14/14_chapter%207.pdf<br>Fetched: 2021-11-04 05:22:31 | 10 |
| J | **07_chapter_3.pdf**<br>URL: 33868120-23fe-4913-90c8-b48e0a4745a8<br>Fetched: 2022-08-20 02:58:57 | 12 |
| J | **08_chapter_2.pdf**<br>URL: 9ead0f20-e70f-48f4-9a8d-8e225ef2f920<br>Fetched: 2022-08-19 14:55:08 | 1 |
| W | URL: http://www.bethunecollege.ac.in/publications/downloads/Prohor-Punthi-Dostabej.pdf<br>Fetched: 2021-08-13 14:28:06 | 1 |
| J | **09_chapter_3.pdf**<br>URL: 6306bf56-43d6-4629-85d9-b4771200e229<br>Fetched: 2022-08-19 14:55:08 | 1 |

Bikash Paul
15.01.2023

Amar Chandra Roy
18.01.2023

## Entire Document

˜yŸþÀ¸þ›À# ïy˝œ Ĉïû„þyîû-.~.þ!Ÿþ ›/œÀyeû

Dr. B. C. Paul
Professor
Department of Bengali
Bankura University

95% MATCHING BLOCK 1/69 W

vþz_îûîD !ÏÜ»!ï˙Äyœöìëûîû ïy,œy !ï¦þyöìîû x•#öï˜ !þ™~£z‰þ.!vþ. vþzþ™y!•îû ‹˜Ä þ²|˚_ töìï¡ïy x!¦þ¢˙ï¦Àþ töìï¡ì.þ

# মুখবন্ধ

আমার গবেষণার বিষয়, ‘‘**নাট্যকর্মী বাদল সরকার: একটি মূল্যায়ন**’’। নাটকের প্রতি আমার ভালোবাসা দীর্ঘদিনের। এই মুহূর্তে মনে পড়ছে,ছোটবেলায় পাড়ার অনুষ্ঠানে একবার শরৎচন্দ্রের ‘মহেশ’ গল্প অবলম্বনে আমার মেজদার নাট্যরূপকৃত ‘গফুর মিঞার সংসার’ নাটকে ছোট্ট একটি চরিত্রে অভিনয় করি। তখন জানতামও না যে নাটক কি,তবে অভিনয় আমার বরাবরই প্রিয় ছিল। স্কুল-কলেজের গণ্ডি অতিক্রম করে যখন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে স্নাতকোত্তর স্তরে ভর্তি হলাম, তখন ধীরে ধীরে সাহিত্যের অন্যান্য শাখার পাশাপাশি নাট্যসাহিত্য নিয়েও একটা আগ্রহ তৈরি হয়। বিশ্ববিদ্যালয়ের সেই সময় যাঁরা আমার মাস্টারমশাই ছিলেন এবং এখনও আছেন, প্রতিনিয়ত তাঁরা গবেষণা কর্মে উৎসাহ দিতেন। তখন থেকেই একটু একটু করে ভবিষ্যতে গবেষণা করার একটা প্রবল ইচ্ছা মনের মধ্যে তৈরি হয়। তারপর বিশ্ববিদ্যালয়ের গণ্ডি অতিক্রম করার পর যখন স্থির করলাম গবেষণা করব, তখন নাটককেই বেছে নিলাম। কথা বলেছিলাম অধ্যাপক অঙ্কুশ ভট্ট মহাশয়ের সঙ্গে। নাটক নিয়ে কাজ করতে চাই, জেনে স্যার আমাকে কিছু বিষয় নির্দেশ করলেন, আর সেই অনুযায়ী কয়েকজন নাট্যকারকে নিয়ে তখন পড়া শুরু করেছিলাম। কিন্তু দুর্ভাগ্যের বিষয় নানা কারণে তখন গবেষণায় আত্মনিয়োগ করা সম্ভব হয়নি। ইতিমধ্যে প্রফেসর ভট্ট অবসর গ্রহণ করলেন। তখন আর কাজ আরম্ভ করা হয়ে উঠল না। তারপর যখন কোর্স-ওয়ার্ক করা বাধ্যতামূলক হলো, সেই সময় আমি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে কোর্স-ওয়ার্ক করি। মনে পড়ছে, একদিন কোর্স-ওয়ার্ক ক্লাস নিচ্ছেন ড.অধ্যাপক তপন মণ্ডল। স্যার জানতে চাইলেন, আমি কি নিয়ে কাজ করতে চাই। তপন মণ্ডল স্যার আমাকে বাদল সরকারের থিয়েটার নিয়ে গবেষণা করার উৎসাহ দান করেন। ইতিমধ্যে বাদল সরকারের থিয়েটার নিয়ে কিছুটা পড়াশুনাও করেছি। আমি তখনই স্থির করলাম, বাদল সরকারকে নিয়েই কাজ করবো। পরবর্তীকালে আমার তত্ত্বাবধায়ক ড. বিকাশ চন্দ্র পাল মহাশয়ের সঙ্গে কথা হয়। শেষ পর্যন্ত আমার তত্ত্বাবধায়কের পরামর্শ, উৎসাহে গবেষণা অভিসন্দর্ভ-এর চূড়ান্ত পরিকল্পনা করা হয়। তাঁরই পরামর্শে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের মাধ্যমে গবেষণার শিরোনাম স্থির করা হয়।

বাদল সরকারের ব্যক্তি জীবন, তাঁর পঠন-পাঠন এবং থিয়েটার সম্পর্কে তথ্য সংগ্রহ করতে দেখি বাদল সরকারকে নিয়ে সেই অর্থে ব্যাপক কোনো গবেষণা হয়নি। মোটামুটি জানতে পারি, বাদল সরকারের থিয়েটার নিয়ে প্রথম গবেষণা করেন বিশ্বভারতীর বাংলা বিভাগ থেকে ড. বিভাসকান্তি মণ্ডল। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ থেকে ড. উত্তরা

চৌধুরী 'দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিতে বাদল সরকারের নাট্যকর্ম' এই শিরোনামে গবেষণা করেছেন। এর বাইরে আরও বেশ কিছু কাজ হয়েছে। যেমন বিশ্বভারতীর ইংরেজি ও ওএমইএল বিভাগ থেকে ড. শুভঙ্কর রায় চৌধুরী ঘোষ-এর 'Badal Sircar third theatre understanding performance through translation', বিদ্যাসাগর ইউনিভার্সিটির ইংরেজি বিভাগ থেকে সৌমেন জানা-র 'The idea of theatre in Badal Sircar a study of select plays'। এছাড়াও প্রখ্যাত নাট্য সমালোচক দর্শন চৌধুরীর 'নাট্য ব্যক্তিত্ব বাদল সরকার' গ্রন্থটি পাঠক সমাজে সুপরিচিত। পশ্চিমবঙ্গ নাট্য আকাডেমি তাদের 'নাট্য আকাদেমি পত্রিকা ১৬' বাদল সরকার স্মারক সংখ্যা প্রকাশ করেছে। এই সমস্ত গবেষণাকর্ম এবং পত্র-পত্রিকায় বাদল সরকারের নাট্যকর্ম স্থান করে নিলেও তাতে বাদল সরকারের নাট্যকর্মী সত্তার অনুসন্ধান অনুপস্থিত। ফলে নাট্যকর্মী বাদল সরকারের মূল্যায়ন বিষয়ে গবেষণা করার উৎসাহ বোধ করি।

আমাদের এই গবেষণায় বাদল সরকারের ব্যক্তিগত জীবন, তাঁর হয়ে ওঠার ইতিবৃত্ত, তাঁর থিয়েটার চর্চার ক্রমবিবর্তনের ধারাটি অন্বেষণ করার চেষ্টা করা হয়েছে। বাদল সরকার প্রবর্তিত থার্ড থিয়েটার একটা সময় বাংলা তথা সর্বভারতীয় ক্ষেত্রে ব্যাপক চর্চিত হয়। সেই থার্ড থিয়েটারের স্বরূপ এবং থার্ড থিয়েটার আন্দোলনের প্রেক্ষাপট অন্বেষণ করার চেষ্টা করা হয়েছে। আজকের দিনে দাঁড়িয়ে বাদল সরকারের নাট্যদর্শ কতটা প্রাসঙ্গিক তারও উত্তর খোঁজার চেষ্টা করেছি।

আমার এই গবেষণা অভিসন্দর্ভ যাঁদের সহযোগিতা ছাড়া সম্পন্ন করা সম্ভব হত না তাঁদের কথা এখানে উল্লেখ করা দরকার। প্রথমেই আমার তত্ত্বাবধায়ক, শ্রদ্ধেয় অধ্যাপক ডক্টর বিকাশ চন্দ্র পাল মহাশয়কে আমার অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একটা সময় আমি ধরেই নিয়েছিলাম আমার গবেষণা কর্মটি করে ওঠা সম্ভব হবেনা। হঠাৎই একদিন স্যারের সঙ্গে এই নিয়ে কথা বলি এবং তিনি তৎক্ষণাৎ আমাকে সাহায্যের হাত বাড়িয়ে দেন। যে কাজটি আমার দীর্ঘ কয়েক বছর ধরে পড়েছিল, স্যারের এই অকৃপণ সহযোগিতা না পেলে তা আজ সম্পূর্ণ করে উঠতে পারতাম না। এজন্য ড. বিকাশ চন্দ্র পাল মহাশয়কে আবারো আমার বিনম্র প্রণাম জানাচ্ছি। স্যারের উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনাকালে আমার পিএইচ. ডি.-এর রেজিস্ট্রেশন সম্পন্ন হয়। বর্তমানে তিনি বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ে কর্মরত। স্যারের সঙ্গে নিরন্তর যোগাযোগ রেখে গবেষণার প্রয়োজনীয় পরামর্শ নিয়ে গবেষণা কর্মটি সম্পন্ন করি। আরেক জনের কথা এ প্রসঙ্গে বলে নেওয়া দরকার, তিনি হলেন পুরুলিয়া জেলার কাশিপুর মাইকেল মধুসূদন দত্ত মহাবিদ্যালয়ের বর্তমান অধ্যক্ষ ড. বিভাসকান্তি মণ্ডল মহাশয়। তথ্য সংগ্রহের কাজের সূত্রে তাঁর সঙ্গে আলাপ। ওঁর কাছে সঞ্চিত প্রায় সমস্ত পত্র-পত্রিকা, গ্রন্থাদি আমার হাতে তুলে দিয়েছেন। ওঁর প্রতি আমার কৃতজ্ঞতার শেষ নেই। কৃতজ্ঞতা জানাই অভিনেতা নাট্যকার ও অধ্যাপক শিবব্রত চট্টোপাধ্যায় মহাশয়কে। বাদল সরকার সম্পর্কে

আমার অনেক প্রশ্নের সমাধান পেয়েছি। দূরভাসের মাধ্যমেই তিনি তাঁর মূল্যবান সময় থেকে আমাকে অনেক সুপরামর্শ দিয়েছেন। তাঁর কাছেও আমার কৃতজ্ঞতা শেষ নেই। তাঁকে আমার বিনম্র প্রণাম। একই সঙ্গে কৃতজ্ঞতা জানাই নাট্যব্যক্তিত্ব দেবাশিস চক্রবর্তী মহাশয়কে। তিনিও তাঁর মূল্যবান সময় থেকে আমাকে বাদল সরকারের থিয়েটার সম্পর্কে,বাদল সরকারের থিয়েটারের ভবিষ্যৎ সম্পর্কে তাঁর সুচিন্তিত মতামত প্রদান করে আমাকে সমৃদ্ধ করেছেন। আমার RAC -র এক্সটার্নাল এক্সপার্ট উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড.জিনিয়া মিত্র-র প্রতিও আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করছি, তাঁর মূল্যবান পরামর্শ আমার গবেষণা কর্মে আলাদা মাত্রা দান করেছে। সেই সঙ্গে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের বিভাগীয় প্রধানসহ বিভাগীয় অন্যান্য অধ্যাপক, বিভাগীয় শিক্ষাকর্মীর প্রতিও আমি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

এবার বলতে হয় আমার সহধর্মিনী ফাল্গুনী মণ্ডলের কথা। ও বারংবার আমাকে গবেষণা কর্মটি সম্পন্ন করার উৎসাহ দিত। সংসারের সবকিছু নিজে হাতে সামলে আমাকে গবেষণা কাজে মনোনিবেশ করার সুযোগ করে না দিলে একাজ করা সম্ভব হত না। তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ বাহুল্য মাত্র। আর আমার ছোট্ট মেয়েটি,সেও ঠিক বুঝত। বাবাকে পড়তে দেখলে চুপটি করে বসে থাকত। ওদের দুজনের প্রতি রইল আমার গভীর ভালোবাসা।

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের গ্রন্থাগারিক ও অন্যান্য গ্রন্থাগার কর্মীদের প্রতিও আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। ঋণস্বীকার করছি পশ্চিমবঙ্গ নাট্যশোধ সংস্থান, গোগুল সার্চ,শোধগঙ্গা-র। এসব প্রতিষ্ঠান ও মাধ্যম থেকে নানা ভাবে সাহায্য পেয়েছি। আমার কলেজের সহকর্মীদের প্রতিও আমি কৃতজ্ঞ। বিশেষ করে বলতে হয়, অধ্যাপক ড. রঞ্জিত কুমার বর্মন, অধ্যাপক ড. ডলি দে, অধ্যাপক ড. দেবদীপ ভট্টাচার্য্য-র কথা। নানা পরামর্শ দিয়ে গবেষণাকর্মে যেভাবে আমাকে উৎসাহিত করেছেন তার জন্য আমি চিরকৃতজ্ঞ থাকব। কৃতজ্ঞতা জানাই ভ্রাতৃপ্রতিম সুজিত রায়কে। আমার গবেষণাকর্মের মুদ্রণের কঠিন দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করার জন্য ধন্যবাদার্হ্য।

তারিখ: ১৮.০১.২০২৬

---------------------

(অমর চন্দ্র রায়)

গবেষক,

বঙ্গভাষা সাহিত্য বিভাগ,

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

রাজা রামমোহনপুর, দার্জিলিং-৭৩৪০১৩